গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, বিদ্যুৎ বিভাগঃ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮ - জুন ৩০, ২০১৯

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৭

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২০

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

জনসাধারণের কাছে বিদ্যুতের সুফল পৌঁছে দেয়ার লক্ষ্যে বিদ্যুৎ বিভাগ নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। বিদ্যুৎ খাতের প্রকল্পসমূহ বাস্তবায়নের ফলে ২০০৯ সালের স্থাপিত উৎপাদন ক্ষমতা ৪,৯৪২ মেগাওয়াট থেকে বৃদ্ধি পেয়ে ২০১৮ সালে ১৬,০৪৬ (২,২০০ মে:ও: ক্যাপটিভসহ) মেগাওয়াটে উন্নীত হয়েছে। তন্মধ্যে গত ৩ বছরে উৎপাদন ৩,৩০৮ মেগাওয়াট বৃদ্ধি পেয়েছে এবং সিস্টেম লস ১.০% হ্রাস পেয়েছে। বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এরই ফলশ্রুতিতে এ সময়ে ১,১৬১ সার্কিট কিলোমিটার সঞ্চালন লাইন ও ৮৩,০০০ কিলোমিটার বিতরণ লাইন নির্মাণ করে নতুন ৮৭ লক্ষ গ্রাহককে বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে। এতে বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠীর সংখ্যা ৭৬% থেকে ৯০% এ উন্নীত হয়েছে। মাথাপিছু বিদ্যুৎ উৎপাদন ৪০৭ কিলোওয়াট-ঘন্টা থেকে বৃদ্ধি পেয়ে ৪৩৩ কিলোওয়াট-ঘন্টা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সীমিত সম্পদ দিয়ে আমাদের মত উন্নয়নশীল দেশের চাহিদার সাথে ভারসাম্য রক্ষা করে বিদ্যুৎ উৎপাদন করা কঠিন কাজ। বিশ্ব রাজনীতিতে পরিবর্তন, বৈদেশিক বিনিয়োগে বাধা এবং নিজস্ব সম্পদের সীমাবদ্ধতা বিদ্যুৎখাতে উন্নয়নের জন্য একটি বড় সমস্যা। বিদ্যুৎ খাতের পরিকল্পনা অনুযায়ী বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা দাঁড়াবে ২০২১ সালে ২৪ হাজার মেগাওয়াট, ২০৩০ সালে ৪০ হাজার মেগাওয়াট এবং ২০৪১ সালে ৬০ হাজার মেগাওয়াট। ২০২১ সালের মধ্যে বিদ্যুৎ উৎপাদন খাতে বিনিয়োগ প্রয়োজন হবে প্রায় ২৩ বিলিয়ন মার্কিন ডলার। বিনিয়োগের পাশাপাশি জ্বালানি সরবরাহ করাও একটি বড় চ্যালেঞ্জ হবে। বিদ্যুৎ উৎপাদনের জন্য প্রাকৃতিক গ্যাসের উপর নির্ভরশীলতা দিন দিন কমে যাচ্ছে। ২০০৯-১০ অর্থ বছরে গ্যাস থেকে বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ ছিল ৮৯.২২% যা ২০১৭-১৮ (ফেব্রুয়ারি'১৮) অর্থ বছরে কমে ৬৪.৫২% হয়েছে। ২০০৯-১০ অর্থ বছরে তরল জ্বালানি থেকে বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ ছিল ৪.৭৭ শতাংশ যা বর্তমানে বৃদ্ধি পেয়ে ২৮ শতাংশে দাঁড়িয়েছে। তরল জ্বালানির শতভাগ বিদেশ থেকে আমদানি করতে হয় বিধায় বিপুল পরিমাণ বৈদেশিক অর্থ ব্যয় করতে হয়। জ্বালানি নিরাপত্তা বিধানের লক্ষ্যে নতুন পরিকল্পনা অনুযায়ী বিদ্যুৎ উৎপাদনের জন্য গ্যাস/এলএনজি ও কয়লাকে মুখ্য জ্বালানি হিসেবে বিবেচনা করা হয়েছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

২০২১ সালে বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা দাঁড়াবে ২৪ হাজার মেগাওয়াট। এর জন্য প্রকল্পে অর্থায়ন, বিনিয়োগ বৃদ্ধি, জ্বালানি বহুমুখিকরণ, দক্ষ জনবল প্রতিষ্ঠা ইত্যাদি কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বিদ্যুৎখাতের পারফরমেন্স উন্নয়ন ও উন্নত গ্রাহক সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে বিদ্যুৎ উৎপাদনের পাশাপাশি পর্যাপ্ত বিদ্যুৎ সঞ্চালন ও বিতরণ অবকাঠামো নির্মাণ ও আইসিটি কার্যক্রম গ্রহণ করা হয়েছে। আশা করা যায় ২০২১ সালের মধ্যে বিদ্যুতের সিস্টেম লস সিঙ্গেল ডিজিটে নেমে আসবে। এ সময়ের মধ্যে বিদ্যুতের মাথাপিছু ব্যবহার হবে ৬০০ কিলোওয়াট ঘন্টা।

**২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- সরকারি ও বেসরকারিখাতে বিদ্যুতের উৎপাদন ক্ষমতা ৩,০৮৫ মেগাওয়াট বৃদ্ধি;
- ২৭,০০০ কিলোমিটার নতুন বিতরণ লাইন নির্মাণ;
- ৪৫০ সার্কিট কিলোমিটার নতুন সঞ্চালন লাইন নির্মাণ;
- ৬,৫০,০০০ প্রি-পেমেন্ট মিটার স্থাপন;
- বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠি ৯২.৫০ % এ উন্নীতকরণ; এবং
- দক্ষ জনবল প্রতিষ্ঠার লক্ষ্যেজনপ্রতি বার্ষিক ৬০ ঘন্টা প্রশিক্ষণ প্রদান।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ বিভাগঃ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, বিদ্যুৎ বিভাগঃ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৮ সালের জুলাই মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

যৌক্তিক ও সহনীয় মূল্যে সকল জনগণের জন্য নির্ভরযোগ্য ও মানসম্মত বিদ্যুৎ সরবরাহ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ খাতের সমন্বিত উন্নয়নের মাধ্যমে ২০২১ সালের মধ্যে সকলের জন্য নির্ভরযোগ্য বিদ্যুৎ নিশ্চিত করা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন
২. বিদ্যুৎ সঞ্চালন খাতের উন্নয়ন
৩. উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে বেসরকারি খাতের অংশগ্রহণ বৃদ্ধি
৪. বিদ্যুৎ উৎপাদন খাতের উন্নয়ন
৫. টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি খাতের উন্নয়ন
৬. বিদ্যুৎ খাতের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
২. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৩. জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ
৪. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. বিদ্যুতের ক্রমবর্ধমান চাহিদা পূরণের লক্ষ্যে পরিকল্পিতভাবে বিদ্যুৎ উৎপাদন, সঞ্চালন ও বিতরণ ব্যবস্থা সম্প্রসারণের মাধ্যমে দেশের সকল জনগোষ্ঠীকে বিদ্যুৎ সেবার আওতায় আনয়ন;
২. বিদ্যুৎ খাতের আইন, বিধি, প্রবিধান ও নীতিমালা প্রণয়ন, সংশোধন ও হালনাগাদকরণ;
৩. বিদ্যুৎ উৎপাদনে জ্বালানির ব্যবহার বহুমুখীকরণ;
৪. বিদ্যুৎ খাতে যৌথ উদ্যোগ ও বেসরকারি বিনিয়োগে উৎসাহ প্রদান;
৫. পল্লী অঞ্চলে বিদ্যুতায়নের মাধ্যমে গ্রামের মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন;
৬. বিদ্যুৎ খাতের সংস্থা/কোম্পানিসমূহের কার্যক্রম তদারকি;
৭. নবায়নযোগ্য জ্বালানি, জ্বালানি দক্ষতা ও জ্বালানি সাশ্রয় কার্যক্রমের উন্নয়ন;
৮. প্রতিবেশি দেশসমূহের মধ্যে বিদ্যুৎ আমদানি-রপ্তানি এবং হাইড্রো-পাওয়ার প্রকল্পের বিনিয়োগে অংশগ্রহণ; এবং
৯. বিদ্যুৎ খাতের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম গ্রহণ।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| বিদ্যুৎ সুবিধাপ্রাপ্ত জনগোষ্ঠির আওতা সম্প্রসারণ | সুবিধাপ্রাপ্ত সংখ্যা | % | ৮০ | ৯০ | ৯২.৫ | ৯৫ | ১০০ | অর্থ বিভাগ, পরিকল্পনা কমিশন, বিপিডিবি, আরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো ও নেসকো। | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, সংস্থা/কোম্পানি সমূহের এমআইএস/ এমওডি/কমার্শিয়াল স্ট্যাটিস্টিকস ও পাওয়ার সেল-এর রিপোর্ট |
| বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন | সিস্টেম লস | % | ১০.৮০ | ১০.২ | ৯.৯৯ | ৯.৯৫ | ৯.৯২ | অর্থ বিভাগ,পরিকল্পনা কমিশন, বিপিডিবি, আরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো, নেসকো ও বিদ্যুৎ বিভাগ। | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, সংস্থা/কোম্পানি সমূহের এমআইএস/ এমওডি/কমার্শিয়াল স্ট্যাটিস্টিকস ও পাওয়ার সেল-এর রিপোর্ট |
| নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ | SAIDI | মিনিট | ১৩৮৫ | ৭৪৭ | ১২০০ | ৯৫০ | ৯০০ | বিপিডিবি, আরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো, নেসকো, পাওয়ার সেল ও বিদ্যুৎ বিভাগ। | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, সংস্থা/কোম্পানি সমূহের এমআইএস/ এমওডি/কমার্শিয়াল স্ট্যাটিস্টিকস ও পাওয়ার সেল-এর রিপোর্ট |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | |
| [১] বিদ্যুৎ বিতরণ খাতের উন্নয়ন | ৩৪ | [১.১] বিতরণ লাইন সম্প্রসারণ | [১.১.১] নতুন বিতরণ লাইন নির্মাণ | কি:মি: | ৬ | ৩৭,৫২৫ | ৩৩,৪৮৪ | ২৭০০০ | ২৬০০০ | ২৫০০০ | ২৪০০০ | ২৩০০০ | ২৩,৯৭০ | ১৩,৩৫০ |
| | | [১.২] উপকেন্দ্রের ক্ষমতা সংযোজন (৩৩/১১ কেভি) | [১.২.১] উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি | এমভিএ | ৪ | ১,৪৫১.২ | ৯৯৫ | ২৮০০ | ২৭০০ | ২৬০০ | ২৫০০ | ২৪০০ | ২,৭২২ | ২,৭৮০ |
| | | [১.৩] বিতরণ সিস্টেম লস হ্রাসকরণ | [১.৩.১] হ্রাসকৃত বিতরণ সিস্টেম লস | % | ৫ | ১০.৮ | ১০.২০ | ৯.৯৯ | ১০.০০ | ১০.০২ | ১০.০৪ | ১০.০৬ | ৯.৯৫ | ৯.৯২ |
| | | [১.৪] প্রি-পেমেন্ট মিটার প্রবর্তন | [১.৪.১] স্থাপিত প্রি-পেইড মিটার | সংখ্যা (লক্ষ) | ৪ | ২.১৫ | ৪.২৩ | ৬.৫ | ৬.০০ | ৫.৫০ | ৫.০০ | ৪.৫০ | ৯.৪৫ | ১১.২৫ |
| | | [১.৫] বকেয়া হ্রাসকরণ | [১.৫.১] হ্রাসকৃত বকেয়া | সমমাস | ৩ | ২.০৩ | ১.৯৬ | ১.৯৬ | ১.৯৮ | ২.০০ | ২.০২ | ২.০৪ | ১.৯০ | ১.৮৫ |
| | | [১.৬] নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ | [১.৬.১] হ্রাসকৃত SAIDI | মিনিট | ২ | ১,৩৮৫ | ৭৪৭ | ১২০০ | ১২৫০ | ১৩০০ | ১৩৫০ | ১৪০০ | ৯৫০ | ৯০০ |
| | | [১.৭] বৈদ্যুতিক লাইসেন্স ইস্যু | [১.৭.১] ইস্যুকৃত লাইসেন্স | সংখ্যা | ২ | ৬,৮৮৭ | ২,৪৬৩ | ৬০০০ | ৫৮০০ | ৫৬০০ | ৫৪০০ | ৫২০০ | ৬,৩০০ | ৬,৫০০ |
| | | [১.৮] বৈদ্যুতিক লাইসেন্স নবায়ন | [১.৮.১] নবায়নকৃত লাইসেন্স | সংখ্যা | ১ | ১২,৩৯৫ | ২,৮৬২ | ১২০০০ | ১১৫০০ | ১১০০০ | ১০৫০০ | ১০০০০ | ১২,৫০০ | ১৩,০০০ |
| | | [১.৯] বৈদ্যুতিক উপকেন্দ্রের অনুমোদন প্রদান | [১.৯.১] পরিদর্শন, পরীবিক্ষণ ও অনুমোদনকৃত উপকেন্দ্র | সংখ্যা | ২ | ৩,৩০৭ | ৯৪৭ | ২৯০০ | ২৮৫০ | ২৮০০ | ২৭৫০ | ২৭০০ | ৩,০০০ | ৩,২০০ |
| | | [১.১০] বিদ্যুৎ সুবিধার আওতাভুক্ত জনসংখ্যা | [১.১০.১] সুবিধাপ্রাপ্ত জনসংখ্যা | % | ৩ | ৮২.৫ | ৯০.৫ | ৯২.৫০ | ৯১.৯০ | ৯১.৮০ | ৯১.৭০ | ৯১.৬০ | ৯৫ | ১০০ |
| | | [১.১১] গ্রাহকের নিকট থেকে ফিডব্যাক গ্রহণ | [১.১১.১] বিভাগীয় শহরে আয়োজিত গণশুনানীর সংখ্যা | সংখ্যা | ২ | - | | ৪ | ৩ | ২ | ১ | | ৮ | ১২ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | |
| [২] বিদ্যুৎ সঞ্চালন খাতের উন্নয়ন | ১৫ | [২.১] সঞ্চালন লাইন বৃদ্ধি | [২.১.১] সঞ্চালন লাইন নির্মাণ | সার্কিট কি:মি: | ৬ | ৩৬৬.৮৪ | ৪৩২ | ৪৫০ | ৪৪০ | ৪৩০ | ৪২০ | ৪১০ | ৪০০ | ৪৫০ |
| | | [২.২] গ্রিডের ক্ষমতা বৃদ্ধি | [২.২.১] গ্রিডের ক্ষমতা বৃদ্ধি | এমভিএ | ৫ | ১৩৪৮ | ১৯০৬ | ২৮০০ | ২৭০০ | ২৬০০ | ২৫০০ | ২৪০০ | ২,৫০০ | ২,৫০০ |
| | | [২.৩] সঞ্চালন লস হ্রাসকরণ | [২.৩.১] সঞ্চালন লস | % | ৪ | ২.৭৫ | ২.৮৩ | ২.৮০ | ২.৮২ | ২.৮৪ | ২.৮৮ | ২.৯০ | ২.৮০ | ২.৮০ |
| [৩] উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে বেসরকারি খাতের অংশগ্রহণ বৃদ্ধি | ৮ | [৩.১] বেসরকারি খাতে নতুন উৎপাদন ক্ষমতা বৃদ্ধি | [৩.১.১] বেসরকারি খাতে নতুন উৎপাদন | মেগাওয়াট | ৫ | - | ১১২ | ১৮৮৫ | ১৮০০ | ১৭০০ | ১৬০০ | ১৫০০ | ১,১১০ | ১,৩০০ |
| | | | [৩.১.২] বেসরকারি নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের এলওআই ইস্যু | সংখ্যা | ২ | - | - | ২ | ১ | | | | ৪ | ৬ |
| | | [৩.২] বিদ্যুৎ উৎপাদন খাতে বেসরকারি বিনিয়োগ আকৃষ্ট করা | [৩.২.১] পিপিপি ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ | তারিখ | ১ | | | ৩১.০৭.১৮ | ০৭.০৮.১৮ | ১৬.০৮.১৮ | ২৬.০৮.১৮ | ৩০.০৮.১৮ | | |
| [৪] বিদ্যুৎ উৎপাদন খাতের উন্নয়ন | ৭ | [৪.১] সরকারি খাতে নতুন উৎপাদন ক্ষমতা বৃদ্ধি | [৪.১.১] সরকারী খাতে উৎপাদিত বিদ্যুৎ | মেগাওয়াট | ৭ | ১,৫৮৬ | ৬৮১ | ১২০০ | ১১০০ | ১০০০ | ৯০০ | ৮৫০ | ১,৯৯১ | ১,৯৪৫ |
| [৫] টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি খাতের উন্নয়ন | ৭ | [৫.১] সোলার মিনি/মাইক্রো/ন্যানো গ্রিড স্থাপন | [৫.১.১] স্থাপিত মিনি/মাইক্রো/ন্যানো গ্রিড | সংখ্যা | ২ | ৫ | ৪ | ৭ | ৬ | ৫ | ৪ | ৩ | ৭ | ৫ |
| | | [৫.২] সোলার সেচ সিস্টেম স্থাপন | [৫.২.১] স্থাপিত সেচ সিস্টেম | মেঃওঃ | ২ | | ১.৭০ | ১.৯০ | ১.৮০ | ১.৭০ | ১.৬০ | ১.৫০ | ২.২০ | ২.৩০ |
| | | [৫.৩] সোলার হোম সিস্টেম স্থাপন | [৫.৩.১] স্থাপিত হোম সিস্টেম | মেঃওঃ | ২ | | ০.৫৪ | ১০.০০ | ৯.৫০ | ৯.০০ | ৮.৫০ | ৮.০০ | ৫ | ৫ |
| | | [৫.৪] সোলার হোম সিস্টেম থেকে বিদ্যুৎ ক্রয় | [৫.৪.১] নেটমিটারিং নীতিমালা প্রণয়ন | তারিখ | ১ | | | ৩১.১২.১৮ | ১৫.০১.১৯ | ৩১.০১.১৯ | ১৫.০২.১৯ | ০২.০৩.১৯ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৬] বিদ্যুৎ খাতের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | ৪ | [৬.১] প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | [৬.১.১] বিদ্যুৎ আইন-২০১৮ এর আওতায় বিধামালার খসড়া চূড়ান্তকরণ | তারিখ | ২ | | | ৩১.০৫.১৯ | ১০.০৬.১৯ | ১৫.০৬.১৯ | ২০.০৬.১৯ | ৩০.০৬.১৯ | | |
| | | | [৬.১.২] পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান অনুমোদন | তারিখ | ১ | | | ৩১.১২.১৮ | ১৫.০১.১৯ | ৩১.০১.১৯ | ১৫.০২.১৯ | ০২.০৩.১৯ | | |
| | | [৬.২] বিদ্যুৎ সেক্টরে কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন | [৬.২.১] বিদ্যুৎ সেক্টরে কর্মকর্তাদের প্রশিক্ষণ নীতিমালার খসড়া প্রণয়ন | তারিখ | ১ | | | ৩১.০৫.১৯ | ১০.০৬.১৯ | ১৫.০৬.১৯ | ২০.০৬.১৯ | ৩০.০৬.১৯ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ | | |
| | | | [১.১.২] ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত ** | % | ১ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | | [১.১.৩] ই-ফাইলে পত্র জারীকৃত *** | % | ১ | | | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | | |
| | | [১.২] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক অনলাইন সেবা চালু করা | [১.২.১] ন্যূনতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | | | ১৫.০১.১৯ | ১৭.০২.১৯ | ৩১.০৩.১৯ | ৩০.০৪.১৯ | ৩০.০৫.১৯ | | |
| | | [১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP) বাস্তবায়ন | [১.৩.১] ডাটাবেজ অনুযায়ী ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | | | ১১.০৩.১৯ | ১৮.০৩.১৯ | ২৫.০৩.১৯ | ০১.০৪.১৯ | ০৮.০৪.১৯ | | |
| | | [১.৪] প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৪.১] বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | ০.৫ | | | ১০.০১.১৯ | ১৭.০১.১৯ | ২৪.০১.১৯ | ২৮.০১.১৯ | ৩১.০১.১৯ | | |
| | | | [১.৪.২] প্রণীত তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | [১.৫] সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | [১.৫.১] হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ী প্রদত্ত সেবা | % | ১ | | | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | | [১.৫.২] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১ | | | ৩১.১২.১৮ | ১৫.০১.১৯ | ০৭.০২.১৯ | ১৭.০২.১৯ | ২৮.০২.১৯ | | |
| | | [১.৬] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৬.১] নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ০.৫ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | | [১.৬.২] অভিযোগ নিষ্পত্তির বিষয়ে অভিযোগকারীকে অবহিতকরণ | % | ০.৫ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [১.৭] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারী করা | [১.৭.১] পিআরএল আদেশ জারীকৃত | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | - | - | | |
| | | | [১.৭.২] ছুটি নগদায়নপত্র জারীকৃত | % | ০.৫ | | | ১০০ | ৯০ | ৮০ | - | - | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | |
| [২] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৮ | [২.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [২.১.১] ত্রিপক্ষীয় সভায় নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অডিট আপত্তি | % | ০.৫ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | | [২.১.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ০.৫ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [২.২] স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [২.২.১] স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | | | ০৩.০২.১৯ | ১৭.০২.১৯ | ২৮.০২.১৯ | ২৮.০৩.১৯ | ১৫.০৪.১৯ | | |
| | | | [২.২.২] অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ০.৫ | | | ০৩.০২.১৯ | ১৭.০২.১৯ | ২৮.০২.১৯ | ২৮.০৩.১৯ | ১৫.০৪.১৯ | | |
| | | [২.৩] বাজেট বাস্তবায়নে উন্নয়ন | [২.৩.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত | সংখ্যা | ০.৫ | | | ১ | - | - | - | - | | |
| | | | [২.৩.২] ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | | | ৪ | ৩ | - | - | - | | |
| | | [২.৪] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | [২.৪.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [২.৫] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [২.৫.১] ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত | % | ০.৫ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [২.৬] অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ী নিষ্পত্তিকরণ | [২.৬.১] নিষ্পত্তিকৃত | % | ০.৫ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | [২.৭] বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | [২.৭.১] বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [২.৮] শূন্য পদের বিপরীতে নিয়োগ প্রদান | [২.৮.১] নিয়োগ প্রদানকৃত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] জাতীয় শুদ্ধাচার কৌশল ও তথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৪ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন **** | [৩.১.১] নির্ধারিত সময়ে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | - | - | - | | |
| | | | [৩.১.২] জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভুক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ১ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.২] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৩.২.১] মন্ত্রণালয়/বিভাগের সকল তথ্য ও অনলাইন সেবা ৩৩৩ সহ তথ্য বাতায়নে সংযোজিত | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | - | - | | |
| | | [৩.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৩.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | | | ১৫.১০.১৮ | ২৯.১০.১৮ | ১৫.১১.১৮ | ২৯.১১.১৮ | ১৩.১২.১৮ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | প্রকৃত অর্জন* ২০১৭-১৮ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | |
| [৪] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | [৪.১] অধীনস্থ দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | [৪.১.১] স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ওয়েবসাইটে আপলোডকৃত | তারিখ | ০.৫ | | | ২৪.০৬.১৮ | ২৬.০৬.১৮ | ২৮.০৬.১৮ | | | | |
| | | [৪.২] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল | [৪.২.১] মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | | | ১৯.০৮.১৮ | ২৭.০৮.১৮ | ২৯.০৮.১৮ | ০৩.০৯.১৮ | ০৫.০৯.১৮ | | |
| | | [৪.৩] দপ্তর/সংস্থার ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) প্রদান | [৪.৩.১] ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | | | ৩১.০১.১৯ | ০৭.০২.১৯ | ১০.০২.১৯ | ১১.০২.১৯ | ১৪.০২.১৯ | | |
| | | [৪.৪] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৪.৪.১] আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘণ্টা * | ১ | | | ৬০ | - | - | - | - | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, বিদ্যুৎ বিভাগঃ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ বিভাগঃ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, বিদ্যুৎ বিভাগঃ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

০৪/০৭/২০১৮

সচিব
বিদ্যুৎ বিভাগঃ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

তারিখ

০৪. ০৭. ২০১৮

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ

**সংযোজনী-১**

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | বিইপিআরসি | বাংলাদেশ এনার্জি এন্ড পাওয়ার রিসার্চ কাউন্সিল |
| ২ | স্রেডা | সাসটেইনেবল এন্ড রিনিউএবল এনার্জি ডেভেলপমেন্ট অথরিটি |
| ৩ | বিপিডিবি | বাংলাদেশ পাওয়ার ডেভেলপমেন্ট বোর্ড |
| ৪ | বিআরইবি | বাংলাদেশ রুরাল ইলেকট্রিফিকেশন বোর্ড |
| ৫ | ডিপিডিসি | ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড |
| ৬ | ডেসকো | ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড |
| ৭ | ওজোপাডিকো | ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড |
| ৮ | নেসকো | নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিমিটেড |
| ৯ | এপিএসসিএল | আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিমিটেড |
| ১০ | ইজিসিবি | ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড |
| ১১ | আরপিসিএল | রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড |
| ১২ | নওপাজেকো | নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড |
| ১৩ | পিজিসিবি | পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড |
| ১৪ | এমআইএস | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম |
| ১৫ | এমওডি | মান্থলি অপারেশন ডাটা |
| ১৬ | এমভিএ | মেগাভোল্ট অ্যাম্পিয়ার |
| ১৭ | এমএমসিএফডি | মিলিয়ন কিউবিক ফিট পার ডে |
| ১৮ | সিইআই | চিফ ইলেকট্রিক ইন্সপেকটর |
| ১৯ | SAIDI | সিস্টেম এভারেজ ইন্টারাপশন ডিউরেশন ইনডেক্স |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] বিতরণ লাইন সম্প্রসারণ | [১.১.১] নতুন বিতরণ লাইন নির্মাণ | জনগণের নিকট বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে বিতরণ লাইন নির্মাণ | বিপিডিবি, আরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো ও নেসকো | লাইনের দৈর্ঘ্য | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, পাওয়ার সেলের KPI অগ্রগতির প্রতিবেদন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমওডি/এমআইএস ও নিরীক্ষা প্রতিবেদন |
| [১.২] উপকেন্দ্রের ক্ষমতা সংযোজন (৩৩/১১ কেভি) | [১.২.১] উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি | জাতীয় গ্রিড থেকে সরবরাহকৃত বিদ্যুৎ জনগণের নিকট পৌছানোর লক্ষ্যে বিতরণ উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি/নির্মাণ | ঐ | সংযোজিত ক্ষমতা | ঐ |
| [১.৩] বিতরণ সিস্টেম লস হ্রাসকরণ | [১.৩.১] হ্রাসকৃত বিতরণ সিস্টেম লস | বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়ন, জবাবদিহিতা ও স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে বিদ্যুৎ সংস্থা/ কোম্পানিসমূহের সিস্টেম লস হ্রাসকরণ | ঐ | বাণিজ্যিক কার্যক্রমের হিসাব | ঐ |
| [১.৪] প্রি-পেমেন্ট মিটার প্রবর্তন | [১.৪.১] স্থাপিত প্রি-পেইড মিটার | গ্রাহকের বিদ্যুৎ বিল পরিশোধে ভোগান্তি হ্রাস ও রাজস্ব আদায় নিশ্চিতকরণ ও এনার্জি সাশ্রয়ের লক্ষ্যে প্রি-পেমেন্ট মিটার স্থাপন বৃদ্ধি | ঐ | বিভিন্ন বিতরণ সংস্থার স্থাপিত মিটারের সংখ্যার যোগফল | ঐ |
| [১.৫] বকেয়া হ্রাসকরণ | [১.৫.১] হ্রাসকৃত বকেয়া | বিলিং দক্ষতা বৃদ্ধি, রাজস্ব আদায় ও অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণের মাধ্যমে বিদ্যুৎ সংস্থা/কোম্পানি সমূহে বকেয়া হ্রাসকরণ | ঐ | পাইকারী ক্রয় এবং বিক্রয়ের পরিমাণের পার্থক্য | ঐ |
| [১.৬] নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ | [১.৬.১] হ্রাসকৃত SAIDI | সিষ্টেমের উন্নয়ন ও সেবার মান বৃদ্ধির মাধ্যমে ইন্টারাপশনকাল কমিয়ে আনা | ঐ | বিভিন্ন বিতরণ সংস্থার লোডশেডিং-এর সময়ের যোগফল | ঐ |
| [১.৭] বৈদ্যুতিক লাইসেন্স ইস্যু | [১.৭.১] ইস্যুকৃত লাইসেন্স | নতুন বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স/সুপারভাইজরি সার্টিফিকেট/বৈদ্যুতিক কারিগরী পারমিট প্রদান। | প্রধান বৈদ্যুতিক উপদেষ্টা ও বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর | সংখ্যা | ঐ |
| [১.৮] বৈদ্যুতিক লাইসেন্স নবায়ন | [১.৮.১] নবায়নকৃত লাইসেন্স | নতুন বৈদ্যুতিক ঠিকাদারী লাইসেন্স/সুপারভাইজরি সার্টিফিকেট/বৈদ্যুতিক কারিগরী পারমিট নবায়ন | ঐ | নবায়নকৃত লাইসেন্সের সংখ্যা | ঐ |
| [১.৯] বৈদ্যুতিক উপকেন্দ্রের অনুমোদন প্রদান | [১.৯.১] পরিদর্শন, পরীবিক্ষণ ও অনুমোদনকৃত উপকেন্দ্র | উপকেন্দ্র চালু করার অনুমোদন প্রদান | ঐ | অনুমোদনের সংখ্যা | ঐ |
| [১.১০] বিদ্যুৎ সুবিধার আওতাভুক্ত জনসংখ্যা | [১.১০.১] সুবিধাপ্রাপ্ত জনসংখ্যা | গ্রাহকগণকে নতুন সংযোগ প্রদানের মাধ্যমে বিদ্যুৎ সুবিধার আওতায় সম্প্রসারণ | স্রেডা, বিপিডিবি, আরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো ও নেসকো | পরিসংখ্যান ব্যুরোর খানার সংখ্যার মধ্যে বিদ্যুতায়িত খানার শতকরা হার | ঐ |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১১] গ্রাহকের নিকট থেকে ফিডব্যাক গ্রহণ | [১.১১.১] বিভাগীয় শহরে আয়োজিত গণশুনানীর সংখ্যা | বিদ্যুৎ সেবার মান উন্নয়নের লক্ষ্যে বিভাগীয় শহরে গণশুনানীর আয়োজন | বিদ্যুৎ বিভাগ, বিপিডিবি, আরইবি, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো ও নেসকো | সংখ্যা | গণ-শুনানীর প্রতিবেদন |
| [২.১] সঞ্চালন লাইন বৃদ্ধি | [২.১.১] সঞ্চালন লাইন নির্মাণ | সমগ্র দেশে উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রিডে সঞ্চালনের লক্ষ্যে নতুন সঞ্চালন লাইন নির্মাণ | পিজিসিবি | নির্মিত সঞ্চালন লাইনের দৈর্ঘ্য | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, পাওয়ার সেলের KPI অগ্রগতির প্রতিবেদন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমওডি/এমআইএস ও নিরীক্ষা প্রতিবেদন |
| [২.২] গ্রিডের ক্ষমতা বৃদ্ধি | [২.২.১] গ্রিডের ক্ষমতা বৃদ্ধি | উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রিডের মাধ্যমে সঞ্চালনের লক্ষ্যে গ্রিড উপকেন্দ্রের ক্ষমতা বৃদ্ধি/নির্মাণ | পিজিসিবি | নবনির্মিত গ্রিড সাবস্টেশনের ক্ষমতা এবং পুরাতন গ্রিড সাবস্টেশনের আপগ্রেডেশনের ফলে বর্ধিত ক্ষমতার যোগফল | প্রকল্প বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন |
| [২.৩] সঞ্চালন লস হ্রাসকরণ | [২.৩.১] সঞ্চালন লস | উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রিডের মাধ্যমে সঞ্চালনের ক্ষেত্রে সঞ্চালন লস কমানো | পিজিসিবি | গ্রিডে সঞ্চালিত এবং বিতরণ সংস্থা/কোম্পানির নিকট সরবরাহকৃত বিদ্যুতের পার্থক্যের শতকরা হার | বিদ্যুৎ বিভাগের বার্ষিক প্রতিবেদন, পাওয়ার সেলের KPI অগ্রগতির প্রতিবেদন, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমওডি/এমআইএস ও নিরীক্ষা প্রতিবেদন |
| [৩.১] বেসরকারি খাতে নতুন উৎপাদন ক্ষমতা বৃদ্ধি | [৩.১.১] বেসরকারি খাতে নতুন উৎপাদন | বেসরকারি খাতে নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের মাধ্যমে উৎপাদন ক্ষমতা বৃদ্ধি | বেসরকারি পাওয়ার প্ল্যান্ট কোম্পানীসমূহ ও পিডিবি এর আইপিপি সেল | উৎপাদন ক্ষমতা বৃদ্ধির যোগফল | সংশ্লিষ্ট সংস্থা/কোম্পানির প্রকল্প বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন ও এনএলডিসি-র সংযোজিত বিদ্যুতের প্রতিবেদন |
| | [৩.১.২] বেসরকারি নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের এলওআই ইস্যু | বেসরকারি নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের এলওআই ইস্যু | বিদ্যুৎ বিভাগ, পিডিবি এর আইপিপি সেল ও বেসরকারি পাওয়ার প্ল্যান্ট কোম্পানীসমূহ | ইস্যুকৃত এলওআই-এর সংখ্যা | সংশ্লিষ্ট সংস্থা/কোম্পানির প্রতিবেদন ও বিদ্যুৎ বিভাগের তথ্য |
| [৩.২] বিদ্যুৎ উৎপাদন খাতে বেসরকারি বিনিয়োগ আকৃষ্ট করা | [৩.২.১] পিপিপি ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ | পিপিপি ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণ | বিদ্যুৎ বিভাগ | ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারণের পত্র জারি | বিদ্যুৎ বিভাগ |
| [৪.১] সরকারি খাতে নতুন উৎপাদন ক্ষমতা বৃদ্ধি | [৪.১.১] সরকারী খাতে উৎপাদিত বিদ্যুৎ | সরকারি খাতে নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের মাধ্যমে উৎপাদন ক্ষমতা বৃদ্ধি | বিপিডিবি, ইজিসিবি ও নওপাজেকো | নতুন স্থাপিত বিদ্যুৎ কেন্দ্রসমূহের উৎপাদন ক্ষমতার সমষ্টি | সংশ্লিষ্ট সংস্থা/কোম্পানির প্রকল্প বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন ও এনএলডিসি-র সংযোজিত বিদ্যুতের প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৫.১] সোলার মিনি/মাইক্রো/ন্যানো গ্রিড স্থাপন | [৫.১.১] স্থাপিত মিনি/মাইক্রো/ন্যানো গ্রিড | সোলার পাওয়ার উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মিনি/মাইক্রো/ন্যানো গ্রিড স্থাপন | স্রেডা | সংখ্যা | স্রেডার প্রতিবেদন ও বিদ্যুৎ বিভাগের কর্মকর্তাদের পরিদর্শণ |
| [৫.২] সোলার সেচ সিস্টেম স্থাপন | [৫.২.১] স্থাপিত সেচ সিস্টেম | সেচ কাজে সোলার পাওয়ার ব্যবহারের লক্ষ্যে সোলার সেচ সিষ্টেম স্থাপন | স্রেডা | স্থাপিত সিস্টেমের উৎপাদন ক্ষমতার যোগফল | স্রেডার প্রতিবেদন ও বিদ্যুৎ বিভাগের কর্মকর্তাদের পরিদর্শণ |
| [৫.৩] সোলার হোম সিস্টেম স্থাপন | [৫.৩.১] স্থাপিত হোম সিস্টেম | সোলার পাওয়ার উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সোলার হোম সিস্টেম স্থাপন | স্রেডা | স্থাপিত সিস্টেমের উৎপাদন ক্ষমতার যোগফল | স্রেডার প্রতিবেদন ও বিদ্যুৎ বিভাগের কর্মকর্তাদের পরিদর্শণ |
| [৫.৪] সোলার হোম সিস্টেম থেকে বিদ্যুৎ ক্রয় | [৫.৪.১] নেটমিটারিং নীতিমালা প্রণয়ন | সোলার হোম সিস্টেম থেকে বিদ্যুৎ ক্রয়ের লক্ষ্যে নেটমিটারিং নীতিমালা প্রণয়ন | বিদ্যুৎ বিভাগ, স্রেডা ও পাওয়ারসেল | নীতিমালা প্রণয়নের তারিখ | বিদ্যুৎ বিভাগের তথ্য |
| [৬.১] প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | [৬.১.১] বিদ্যুৎ আইন-২০১৮ এর আওতায় বিধামালার খসড়া চূড়ান্তকরণ | বিদ্যুৎ আইন-২০১৮ এর আওতায় বিধামালার খসড়া চূড়ান্তকরণ | বিদ্যুৎ বিভাগ | বিধিমালা চূড়ান্তকরণের তারিখ | বিদ্যুৎ বিভাগের তথ্য |
| | [৬.১.২] পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান অনুমোদন | পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান অনুমোদন | বিদ্যুৎ বিভাগ ও পাওয়ার সেল | পাওয়ার সিস্টেম মাস্টার প্ল্যান অনুমোদনের তারিখ | বিদ্যুৎ বিভাগের তথ্য |
| [৬.২] বিদ্যুৎ সেক্টরে কর্মকর্তাদের দক্ষতা উন্নয়ন | [৬.২.১] বিদ্যুৎ সেক্টরে কর্মকর্তাদের প্রশিক্ষণ নীতিমালার খসড়া প্রণয়ন | বিদ্যুৎ সেক্টরের কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে বিদ্যুৎ সেক্টরে কর্মকর্তাদের প্রশিক্ষণ নীতিমালার খসড়া প্রণয়ন | বিদ্যুৎ বিভাগ | খসড়া প্রণয়নের তারিখ | বিদ্যুৎ বিভাগের তথ্য |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগঃ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | বেসরকারি খাতে নতুন উৎপাদন | প্রাকৃতিক গ্যাস ও জ্বালানি তেল সরবরাহ | বিদ্যুৎ উৎপাদনের জন্য মূল জ্বালানি | উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |
| মন্ত্রণালয় | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগঃ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | হ্রাসকৃত SAIDI | প্রাকৃতিক গ্যাস ও জ্বালানি তেল সরবরাহ | বিদ্যুৎ উৎপাদনের জন্য মূল জ্বালানি | উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |
| মন্ত্রণালয় | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগঃ বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | সরকারী খাতে নতুন উৎপাদন | প্রাকৃতিক গ্যাস ও জ্বালানি তেল সরবরাহ | বিদ্যুৎ উৎপাদনের জন্য মূল জ্বালানি | উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জিত হবে না। |